একই স্মারক নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত
কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (১৫ তলা)
সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
www.agriaudit.org.bd

নং-৮২.১৮.০০০০.০০১.৪৩.৭২১.২৫-১২৮৩

তারিখঃ ০৯/০২/২০২৫খ্রিঃ

মহাপরিচালক
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর।

**বিষয়: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর ২০২৩-২০২৪ অর্থবছরের নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদন (AIR) প্রেরণ প্রসঙ্গে।**

সুত্রঃ নং-৮২.১৮.০০০০.০০৭.৩৪.১৩৬.২২-১৭৭৩ তারিখঃ-২০/১০/২০২৪খ্রিঃ

মহোদয়
উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ২০২৩-২০২৪ অর্থবছরের নিরীক্ষা কার্যক্রম ২৬/১১/২০২৪ খ্রি. হতে ১৮/১২/২০২৪ খ্রি. পর্যন্ত সময়ে সম্পন্ন করা হয়। কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর কর্তৃক ২০২৩-২০২৪ অর্থবছরের নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদনে অন্তর্ভুক্ত অনুচ্ছেদ নম্বর-১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬,১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, এবং ৩২ সহ সর্বমোট = ৩২টি অনুচ্ছেদকে গুরুতর আর্থিক অনিয়ম (SFI) হিসেবে এবং অনুচ্ছেদ নম্বর- ৩৩, ৩৪ ও ৩৫ সহ সর্বমোট= ০৩ অনুচ্ছেদকে Non SFI হিসেবে অনুসরণের সিদ্ধান্ত গৃহীত হয়। অনুচ্ছেদসমুহ নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদন (AIR) এ অন্তর্ভুক্ত করতঃ এতদসংগে প্রেরণ করা হলো।

এমতাবস্থায় AIR এ বর্ণিত SFI অনুচ্ছেদসমুহের ক্ষেত্রে নিষ্পত্তিমূলক জবাব মন্ত্রণালয়ের মাধ্যমে এবং Non_SFI অনুচ্ছেদসমূহের জবাব সরাসরি রিপোর্ট ইস্যুর তারিখ হতে ০৩ (তিন) সপ্তাহের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

(মোঃ রফিকুল ইসলাম)
উপপরিচালক
সেক্টর-১
ফোন-০২-২২৬৬৬৪১৫২

সংযুক্তিঃ পরিশিষ্টসহ নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদন।

নং-৮২.১৮.০০০০.০০১.৪৩.৭২১.২৫-১২৮৩

তারিখঃ ০৯/০২/২০২৫খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. ডেপুটি সিএজি (এএন্ডআর) সিএজি কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।
৩. পিএটু মহাপরিচালক/পরিচালক।
৪. অফিস কপি/গার্ড ফাইল

(মোঃ রফিকুল ইসলাম)
উপপরিচালক
সেক্টর-১
ফোন-০২-২২৬৬৬৪১৫২

# SFI অনুচ্ছেদ সমূহ

| অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
| --- | --- | --- |
| ১ | আর,সি,সি ড্রেন নির্মাণে Earth Work in Excavation এরিয়ার মধ্যে আর,সি,সি ড্রেন নির্মাণে ঢালাই সীমাবদ্ধ না রেখে ড্রেন এর দৈর্ঘ্য বৃদ্ধি করে ঠিকাদারকে বিল পরিশোধ করায় ১০,৬৪,৫৫০/-(দশ লক্ষ চৌষট্টি হাজার পাঁচশত পঞ্চাশ ) টাকা আর্থিক ক্ষতি। | ১০,৬৪,৫৫০ |
| ২ | কৃষি ফার্ম শ্রমিক নিয়োগ ও নিয়ন্ত্রণ নীতিমালা ২০১৭ লঙ্ঘনপূর্বক শ্রমিকদের ওভারটাইম পরিশোধ করায় আর্থিক ক্ষতি ২,০৬,৬৫,৫০০/-(দুই কোটি ছয় লক্ষ পঁয়ষট্টি হাজার পাঁচশত) টাকা। | ২,০৬,৬৫,৫০০ |
| ৩ | যানবাহন মেরামত খাতে আর্থিক ক্ষমতার সীমাতিরিক্ত ব্যয় নির্বাহ করায় অনিয়মিত ব্যয় ২৮,৬০,৪৭০/- (আটাশ লক্ষ ষাট হাজার চারশত সত্তর) টাকা। | ২৮,৬০,৪৭০ |
| ৪ | ভ্যাট বাবদ আপত্তিকৃত অর্থ সরবরাহকারী/সেবাপ্রদানকারীর নিকট হতে আদায় না করে প্রতিষ্ঠানের বরাদ্দ হতে জমা প্রদান করায় আর্থিক ক্ষতি ২৫,৮১,৮৪৫/- (পঁচিশ লক্ষ একাশি হাজার আটশত পঁয়তাল্লিশ) টাকা। | ২৫,৮১,৮৪৫ |
| ৫ | ইনস্টিটিউটের আইন ও প্রবিধানমালা অনুযায়ী প্রাপ্য না হওয়া সত্ত্বেও জিওবি তহবিল হতে কর্মকর্তা/কর্মচারীদের জীবন বীমা প্রিমিয়াম পরিশোধ করায় সংস্থার আর্থিক ক্ষতি ৪৯,৮৮,৭৭১/-(উনপঞ্চাশ লক্ষ আটাশি হাজার সাতশত একাত্তর) টাকা। | ৪৯,৮৮,৭৭১ |
| ৬ | শ্রমিক মজুরি খাত হতে বরাদ্দের অতিরিক্ত পরিশোধ করায় অনিয়মিত ব্যয় ৬,৬৫,১৫,১৩৫/- (ছয় কোটি পঁয়ষট্টি লক্ষ পনেরো হাজার একশত পঁয়ত্রিশ) টাকা। | ৬,৬৫,১৫,১৩৫ |
| ৭ | মূলধন খাতের অর্থ দ্বারা আবর্তক খাতভুক্ত বাথরুম মেরামত, স্যানেটারি ও প্লাম্বিং সামগ্রি ক্রয় করায় অনিয়মিত ব্যয় ৪৬,৫৩,৬৮৬/- (ছেচল্লিশ লক্ষ তিপ্পান্ন হাজার ছয়শত ছিয়াশি) টাকা। | ৪৬,৫৩,৬৮৬ |
| ৮ | বৈদ্যুতিক সরঞ্জাম খাতে বরাদ্দের অতিরিক্ত পরিশোধ করায় অনিয়মিত ব্যয় ৫২,৪৮,৯৭০/- (বায়ান্ন লক্ষ আটচল্লিশ হাজার নয়শত সত্তর) টাকা। | ৫২,৪৮,৯৭০ |
| ৯ | পিপিআর,২০০৮ এর শর্ত পরিপালন না করে সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে বাৎসরিক সিলিং এর অতিরিক্ত অনিয়মিত ব্যয় ৯৭,০২,৮৩৭/- (সাতানব্বই লক্ষ দুই হাজার আটশত সাঁইত্রিশ) টাকা। | ৯৭,০২,৮৩৭ |
| ১০ | বীজ ও উদ্ভিদ খাতে বরাদ্দকৃত অর্থ দ্বারা শ্রমিক মজুরি বাবদ অনিয়মিতভাবে পরিশোধ ৪১,৫৯,৫৬০/- (একচল্লিশ লক্ষ উনষাট হাজার পাঁচশত ষাট) টাকা। | ৪১,৫৯,৫৬০ |
| ১১ | BOQ/SCHEDULE অনুযায়ী আরসিসি ঘনমিটারের কাজ বাস্তবায়নের পর সংশোধিত ভাবে আরসিসি ঘনমিটারের কাজের ভলিউম বৃদ্ধি করে ঠিকাদারকে পরিশোধ করায় আর্থিক ক্ষতি ২৩,০৪,০০০/-(তেইশ লক্ষ চার হাজার ) টাকা। | ২৩,০৪,০০০ |
| ১২ | আরএফকিউ (RFQ) পদ্ধতিতে ক্রয়ের ক্ষেত্রে বাৎসরিক মূল্যসীমা অতিক্রম করায় অনিয়মিত ব্যয় ৪৪,৫৯,২৩৮/-(চুয়াল্লিশ লক্ষ উনষাট হাজার দুইশত আটত্রিশ) টাকা। | ৪৪,৫৯,২৩৮ |

| অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ১৩ | অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ ব্যতিরেকে মুদ্রণ ও বাধাঁই খাতে অনিয়মিত ব্যয় ২৮,৯০,৬৩৮/- (আটাশ লক্ষ নব্বই হাজার ছয়শত আটত্রিশ) টাকা। | ২৮,৯০,৬৩৮ |
| ১৪ | আবাসিক ভবনে বসবাসরত কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে বাসা ভাড়া, বিদ্যুৎ বিল, গ্যাস বিল অন্যান্য কর্তন এবং নিয়োগ পরীক্ষার ফি বাবদ আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমা না করায় আর্থিক ক্ষতি ৪,৪০,২৮,৩২৫/- (চার কোটি চল্লিশ লক্ষ আটাশ হাজার তিনশত পঁচিশ) টাকা। | ৪,৪০,২৮,৩২৫ |
| ১৫ | আবর্তক খাতের (মেরামত) অর্থ দ্বারা মূলধন খাতভুক্ত (নির্মাণ) ব্যয় নির্বাহ করায় অনিয়মিত ব্যয় ৪,৬০,১৮,৪১৭/- (চারকোটি ষাট লক্ষ আঠারো হাজার চারশত সতেরো) টাকা। | ৪,৬০,১৮,৪১৭ |
| ১৬ | প্রাপ্যতার অতিরিক্ত জ্বালানী বাবদ ব্যয় করায় সরকারের আর্থিক ক্ষতি ১৮,৮১,২৮৭/- (আঠারো লক্ষ একাশি হাজার দুইশত সাতাশি) টাকা। | ১৮,৮১,২৮৭ |
| ১৭ | অন্যান্য ভবন ও স্থাপনা খাতে বরাদ্দের অতিরিক্ত পরিশোধ করায় অনিয়মিত ব্যয় ১,১৪,২৮,৯৮৬/-(এক কোটি চৌদ্দ লক্ষ আটাশ হাজার নয়শত ছিয়াশি) টাকা। | ১,১৪,২৮,৯৮৬ |
| ১৮ | BOQ বর্হিভূত MS ROAD এর পরিমাণ বৃদ্ধি করে সরবরাহকারীকে পরিশোধ করায় আর্থিক ক্ষতি ৪২,৮৬,৭৭৩/-(বিয়াল্লিশ লক্ষ ছিয়াশি হাজার সাতশত তিয়াত্তর) টাকা। | ৪২,৮৬,৭৭৩ |
| ১৯ | পিপিআর ২০০৮, লঙ্ঘন পূর্বক একটি নির্দিষ্ট ব্রান্ডের টেকনিক্যাল স্পেসিফিকেশন প্রণয়ন পূর্বক যন্ত্রপাতি সরবরাহ বাবদ অনিয়মিত ব্যয় ১৭,৮৫,৫০০/- (সতের লক্ষ পঁচাশি হাজার পাঁচশত ) টাকা। | ১৭,৮৫,৫০০ |
| ২০ | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর অর্গানোগ্রাম বহির্ভূত শিক্ষা প্রতিষ্ঠানে বিধি বহির্ভূতভাবে ভবন নির্মাণ করায় আর্থিক ক্ষতি ৩,১২,৮৬,৪৫৭/- (তিন কোটি বারো লক্ষ ছিয়াশি হাজার চারশত সাতান্ন) টাকা। | ৩,১২,৮৬,৪৫৭ |
| ২১ | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের বরাদ্দ হতে কৃষি মন্ত্রণালয়ের দাপ্তরিক কাজে ব্যবহৃত গাড়িতে জ্বালানী এবং মেরামত বাবদ অর্থ ব্যয় করায় সংস্থার আর্থিক ক্ষতি ৪,৭৯,৪৫৬/-(চার লক্ষ উনআশি হাজার চারশত ছাপ্পান্ন) টাকা। | ৪,৭৯,৪৫৬ |
| ২২ | আর্থিক ক্ষমতা বহির্ভূতভাবে অগ্রিম উত্তোলনের অনুমোদন করে অনিয়মিত ব্যয় ১,৩৫,৮৭,০৪৩/- (এক কোটি পঁয়ত্রিশ লক্ষ সাতাশি হাজার তেতাল্লিশ) টাকা। | ১,৩৫,৮৭,০৪৩ |
| ২৩ | ইনস্টিটিউটের হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত না করায় এবং চার্টার্ড একাউনটেন্ট দ্বারা হিসাব নিরীক্ষা না করায় বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট আইন, ২০১৭ এর ধারা ১৫(১) ও ১৫(৪) লঙ্ঘন। | ০ |
| ২৪ | গবেষণা খাত হতে গবেষণা বহির্ভূত খাতে অনিয়মিত ব্যয় ১৩,৬৬,১৭২/- (তেরো লক্ষ ছেষট্টি হাজার একশত বাহাত্তর) টাকা। | ১৩,৬৬,১৭২ |
| ২৫ | ডিপিপির সংস্থান অতিরিক্ত জমি লীজ গ্রহণ করায় অনিয়মিত ব্যয় ১৮,২১,১৮১/- (আঠারো লক্ষ একুশ হাজার একশত একাশি ) টাকা। | ১৮,২১,১৮১ |

| অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ২৬ | ডিপিপি বর্হিভূত Air Conditioner (AC) ক্রয় বাবদ সরবরাহকারী কে পরিশোধ করায় অনিয়মিত ব্যয় ৯,৩০,০০০/-(নয় লক্ষ ত্রিশ হাজার ) টাকা। | ৯,৩০,০০০ |
| ২৭ | পিপিআর, ২০০৮ এর বিধি মোতাবেক অতিরিক্ত কাজের জন্য ঠিকাদারের সাথে চুক্তি স্বাক্ষর না করায় অনিয়মিত ব্যয় ৬,৫৯,০৫৫/- (ছয় লক্ষ উনষাট হাজার পঞ্চান্ন) টাকা। | ৬,৫৯,০৫৫ |
| ২৮ | জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা অনুযায়ী নির্ধারিত হারে ভ্যাট কর্তন না করায়/কম কর্তন করায় ৮,৪০,৪৪৭/- (আট লক্ষ চল্লিশ হাজার চারশত সাতচল্লিশ) টাকা রাজস্ব ক্ষতি। | ৮,৪০,৪৪৭ |
| ২৯ | জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত হার অপেক্ষা কম হারে আয়কর কর্তন করায় সরকারের রাজস্ব ক্ষতি ৭৬,৭০৫/- (ছিয়াত্তর হাজার সাতশত পাঁচ) টাকা। | ৭৬,৭০৫ |
| ৩০ | আর,সি.সি থ্রেশিং ফ্লোর নির্মাণে ভেরিয়েশন করে আর,সি.সি থ্রেশিং ফ্লোর নির্মাণ না করে অফিস ভবন মেরামত করায় অনিয়মিত ব্যয় ৫,৫৫,৮৪০/-(পাঁচ লক্ষ পঞ্চান্ন হাজার আটশত চল্লিশ) টাকা। | ৫,৫৫,৮৪০ |
| ৩১ | প্রাইস সিডিউল এবং টেকনিক্যাল স্পেসিফিকেশন অনুযায়ী সরবরাহকারী প্রতিষ্ঠান এসি ইনস্টলেশন করলেও অন্য প্রতিষ্ঠানকে ইনস্টলেশন বাবদ অর্থ পরিশোধ করায় আর্থিক ক্ষতি ৭,৪৫,২৬১/- (সাত লক্ষ পঁয়তাল্লিশ হাজার দুইশত একষট্টি) টাকা। | ৭,৪৫,২৬১ |
| ৩২ | অর্থ মন্ত্রণালয়ের আদেশ উপেক্ষা করে Mid term Project Progress Monitoring and Evaulation এর নামে সম্মানী পরিশোধ করায় অনিয়মিত ব্যয় ৮,৮৮,০০০/- টাকা (আট লক্ষ আটাশি হাজার ) টাকা। | ৮,৮৮,০০০ |
| | সর্বমোট | ২৯,৪৭,৬০,১০৫ |

কথায় :উনত্রিশ কোটি সাতচল্লিশ লক্ষ ষাট হাজার এক শত পাঁচ

# NON-SFI অনুচ্ছেদ সমূহ

| অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ৩৩ | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, প্রধান কার্যালয়ে ইমারত ও নির্মাণ বিভাগ থাকা সত্ত্বেও ইনস্টিটিউটের ক্যাম্পাসে Engineers Site Office বাবদ ঠিকাদারকে পরিশোধ করায় আর্থিক ক্ষতি ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা। | ৫০০০০০ |
| ৩৪ | আর্থিক ক্ষমতার অতিরিক্ত মুদ্রণ ও বাঁধাই খাতে অনিয়মিত ব্যয় ৭,৫০,০০০/- (সাত লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। | ৭৫০০০০ |
| ৩৫ | কৃষি ফার্ম শ্রমিক নিয়োগ ও নিয়ন্ত্রন নীতিমালা লঙ্ঘন করে অনিয়মিত শ্রমিকদের মজুরি তাদের স্ব-স্ব ব্যাংক এ্যাকাউন্টের মাধ্যমে পরিশোধ না করে নগদ অর্থ প্রদান করায় অনিয়মিত ব্যয় ৭,৩২,০০০/- (সাত লক্ষ বত্রিশ হাজার) টাকা | ৭৩২০০০ |
| | সর্বমোট | ১৯৮২০০০ |

কথায় :উনিশ লক্ষ বিরাশি হাজার